

কাউখালীতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে টাকা আত্মসাতের অভিযোগ

প্রতিনিধি, পিরোজপুর ও কাউখালী

কাউখালী এসবি সরকারি বালিকা বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিনয় কুমার কুণ্ডুর বিরুদ্ধে লক্ষাধিক টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, ২০০৪ সালের ২৯ এপ্রিল থেকে ২০০৫ সালের ৩ জুন পর্যন্ত ১ বছর ২ মাস ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালনকালে বইপত্র সামগ্রিকী, রাসায়নিক ও অন্যান্য দ্রব্যাদি ক্রয়, আনুষঙ্গিক ব্যয় বাবদ ১ লাখ ৪ হাজার টাকা উত্তোলন করলেও কোন টাকাই তিনি খরচ করেননি। এছাড়াও আসবাবপত্র মেরামত, সংরক্ষণ এবং কম্পিউটার ও অফিস সরঞ্জাম বাবদ ৬৫ হাজার টাকা এবং শিক্ষা উপকরণ ও আসবাবপত্র ক্রয়বাবদ ১ লাখ ১০ হাজার টাকা উত্তোলন করলেও কোন কিছুই ক্রয় করা হয়নি।

জানা গেছে, এসবি সরকারি বালিকা বিদ্যালয়ে ১৭ জন শিক্ষক থাকার কথা থাকলেও আছে ৭ জন। স্কুলের ৩০০ ছাত্রীর জন্য প্রতিদিন ৬০০ টাকা টিফিন ফি নির্ধারিত থাকলেও বর্তমানে টিফিন দেয়া হয় না। অথচ নিয়মিত টাকা উত্তোলন করা হচ্ছে। ছাত্রীদের দৃষ্টিতে প্রতিদিন ৩ থেকে ৪টি মাত্র ক্লাস হয়।

শিক্ষক সম্মেলনের কারণে বাকি ক্লাস না হলেও ছাত্রীদের ৪টা পর্যন্ত স্কুলে বসিয়ে রাখা হয়।